NEW YORK STATE | Office of Children and Family Services

নিউ ইয়র্ক স্টেটের
আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের জন্য
সংক্ষিপ্ত নির্দেশিকা

এই নথিটি আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদেরকে নিউ ইয়র্ক স্টেট শিশু সুরক্ষা পরিষেবা (Child Protective Services, CPS) ব্যবস্থা সম্পর্কে কিছু সাধারণ তথ্য এবং তাঁদের বাধ্যবাধ্যকতাগুলির একটি সামগ্রিক চিত্র দেয়।

আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী কারা?

নিউ ইয়র্ক স্টেট স্বীকৃতি দিয়েছে যে নির্দিষ্ট কিছু পেশাদাররাই শিশুদের অবমাননা বা শিশুদের সাথে হওয়া ভুল আচরণের আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী হিসাবে কাজ করতে বিশেষভাবে সজ্জিত। এইসব পেশাদারদের মধ্যে রয়েছেন:

* চিকিত্সক
* নিবন্ধীকৃত চিকিত্সকের সহযোগী
* সার্জন
* চিকিত্সা পরীক্ষক
* করোনার (শব পরীক্ষক)
* দন্ত চিকিত্সক
* ডেন্টাল হাইজিনিস্ট
* অস্টিওপ্যাথ
* অপ্টোমেট্রিস্ট
* চিরোপ্র্যাক্টর
* পোডিয়াট্রিস্ট
* আবাসিক
* ইন্টার্ন
* মনস্তাত্বিক
* নিবন্ধীকৃত নার্স
* সমাজসেবী
* আপত্কালীন মেডিক্যাল টেকনিশিয়ান
* লাইসেন্সপ্রাপ্ত ক্রিয়েটিভ আর্টস থেরাপিস্ট
* লাইসেন্সপ্রাপ্ত বিবাহ এবং পরিবার থেরাপিস্ট
* লাইসেন্সপ্রাপ্ত মানসিক স্বাস্থ্য কাউন্সেলর
* লাইসেন্সপ্রাপ্ত সাইকোঅ্যানালিস্ট
* লাইসেন্সপ্রাপ্ত বিহেভিয়ার অ্যানালিস্ট
* বিহেভিয়ার অ্যানালিস্টের শংসাপত্রপ্রাপ্ত অ্যাসিস্ট্যান্ট
* ব্যক্তির হাসপাতালে ভর্তি, পরীক্ষা, সেবা বা পরিচর্যায় নিযুক্ত হাসপাতাল কর্মী
* ক্রিশ্চিয়ান সায়েন্স প্র্যাকটিশনার
* স্কুল আধিকারিক যার মধ্যে এঁরা থাকলেও (কিন্তু সীমিত নয়):
  - শিক্ষক
  - গাইডেন্স কাউন্সেলর
  - মনস্তাত্বিক
  - সমাজসেবী
  - নার্স
  - প্রশাসক বা স্কুলের অন্যান্য কর্মীদের শিক্ষণ বা প্রশাসনিক লাইসেন্স অথবা শংসাপত্র রাখা আবশ্যিক
* সমাজসেবা কর্মী
* নিম্নলিখিতগুলির অধিকর্তা
  - শিশুদের রাত্রিবাসের শিবির,
  - গ্রীষ্মকালীন শিবির বা
  - ভ্রমণ করার সময়ে গ্রীষ্মকালীন শিবির
* ডে কেয়ার সেন্টারের কর্মী
* স্কুলের বয়সের শিশুপরিচর্যা কর্মী
* ফ্যামিলি বা গ্রুপ ফ্যামিলি ডে কেয়ারের প্রদানকারী
* শিশুদের আবাসিক সেবা কেন্দ্রে থাকা কর্মচারী বা স্বেচ্ছাসেবী
* অন্য কোন শিশু পরিচর্যা বা ফস্টার কেয়ারের কর্মী
* মানসিক স্বাস্থ্য পেশাদার
* মাদক ব্যবহার কাউন্সেলর
* মদ্যপানের কাউন্সেলর
* NYS অফিস অফ অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ সার্ভিসের শংসাপত্রপ্রাপ্ত সব ব্যক্তি
* পিস অফিসার
* পুলিশ অফিসার
* ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অথবা অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট অ্যাটর্নি
* ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসে নিযুক্ত তদন্তকারী
* অন্য কোন আইন বলবত্করণ আধিকারিক

পুরো তালিকাটি নিউ ইয়র্ক সমাজ সেবা আইনের বিভাগ 413-তে, এবং অনুচ্ছেদ 6, শিরোনাম 6-এর অধীনে পাওয়া যেতে পারে। নিউ ইয়র্ক স্টেট লেজিসলেচারের ওয়েবসাইট (http://public.leginfo.state.ny.us/menuf.cgi) থেকে অনলাইনে পুরো ওয়েবসাইটটি দেখা যেতে পারে। সমাজ সেবার আইনে প্রবেশ করতে নিউ ইয়র্কের আইন-এ ক্লিক করুন।

কখন আমার পক্ষে প্রতিবেদন করা বাধ্যতামূলক?

আদেশপ্রাপ্ত বা বাধ্যতামূলক প্রতিবেদনকারীদেরকে তখনই সন্দেহজনক শিশু নিগ্রহ বা ভুল আচরণের ঘটনাগুলি জানাতে হবে, যখন তাঁরা তাঁদের আধিকারিক বা পেশাদার কাজ করার সময় কোন পরিস্থিতিতে কোন শিশু, অভিভাবক বা শিশুর জন্য আইনতঃ দায়িত্ব থাকা অন্য কোনো ব্যক্তির সম্মুখীন হবেন এবং সেখানে শিশু নিগ্রহ অথবা ভুল আচরণের ঘটনা ঘটছে এটি সন্দেহ করার মতো পর্যাপ্ত কারণ থাকবে। "আইনতঃ দায়িত্ব থাকা অন্যান্য ব্যক্তি" বলতে অভিভাবক, পরিচর্যাকারী, বা 18 বছর অথবা তার বেশি বয়সী অন্যান্য এমন ব্যক্তিকে বোঝায় যিনি শিশুটির পরিচর্যার জন্য দায়ী।

যেসব আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী সমাজসেবী, তাঁদের প্রতিবেদনের আবশ্যিকতা আরো বেশি রয়েছে। সমাজ সেবা কর্মীদের তখনই সন্দেহজনক শিশু নিগ্রহ বা ভুল আচরণের ঘটনাগুলি জানাতে হবে, যখন তাঁরা তাঁদের আধিকারিক বা পেশাদার কাজ নির্বাহ করার সময় কোনো পরিস্থিতিতে কোনো শিশু, অভিভাবক বা শিশুর জন্য আইনতঃ দায়িত্ব থাকা অন্য কোনো ব্যক্তির সম্মুখীন হবেন এবং সেখানে শিশু নিগ্রহ অথবা ভুল আচরণের ঘটনা ঘটছে এটি সন্দেহ করার মতো পর্যাপ্ত কারণ থাকবে।

পেশাদার কাজ বা ভূমিকা বলতে কি বোঝায়?

যেমন ধরুন, কোনো চিকিত্সক কোনো শিশুকে পরীক্ষা করে দেখার সময় তাঁর সন্দেহ হল যে শিশু নিগ্রহের মতো ঘটনা ঘটছে, তাহলে তাঁকে অবশ্যই তাঁর উদ্বেগের কথাটি জানাতে হবে। উল্টোদিকে, যে চিকিত্সক বাইক চড়ে কোথাও যাওয়ার সময় শিশু নিগ্রহের স্বাক্ষী হচ্ছেন তিনি কিন্তু নিগ্রহের কথা জানাতে বাধ্য নন। সন্দেহভাজন শিশু নিগ্রহ বা ভুল আচরণের ঘটনা জানানোর জন্য আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীর আইনি দায়িত্ব কিন্তু তিনি তাঁর পেশাটি ছেড়ে দিলেই বন্ধ হয়ে যায়। নিঃসন্দেহে যে কেউ যে কোনো সময় সন্দেহভাজন শিশু নিগ্রহ বা ভুল আচরণের কথা জানাতেই পারেন, এবং সেটি করতেও উত্সাহিত করা হচ্ছে।

সন্দেহ করার মতো পর্যাপ্ত কারণ

শিশু নিগ্রহ বা ভুল আচরণ সন্দেহ করার মতো পর্যাপ্ত কারণ মানে হল যে, আপনার যুক্তিবুদ্ধি, পর্যবেক্ষণ, পেশাদারী প্রশিক্ষণ এবং অভিজ্ঞতার উপর নির্ভর করে আপনার সন্দেহ হচ্ছে যে অভিভাবক বা শিশুটির জন্য আইনতঃ দায়িত্বে থাকা অন্য কোনো ব্যক্তি শিশুটির ক্ষতি করার জন্য দায়ী বা শিশুটিকে আসন্ন ক্ষতির মুখে ফেলছেন। কোন চোট কিভাবে লাগল তার ব্যাখ্যা বিশ্বাস না করার মতো সহজ ব্যাপার থেকে আপনার সন্দেহ আসতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের
আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের জন্য
সংক্ষিপ্ত নির্দেশিকা

নিগ্রহ এবং আচরণ কি?

নিগ্রহ

নিগ্রহ বলতে বোঝায় শিশুদের মধ্যে তাদের পরিচর্যাকারীর তরফ থেকে গুরুতর চোটআঘাত দেওয়া এবং/বা গুরুতর চোটআঘাতের ঝুঁকি থাকা। নিগৃহীত শিশু তাকেই বলা চলে যার অভিভাবক বা তার জন্য আইনতঃ দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি শিশুটির উপরে গুরুতর শারীরিক চোটআঘাত করেন, গুরুতর শারীরিক চোটআঘাতের প্রচন্ড ঝুঁকি তৈরী করেন, অথবা শিশুটির উপরে কোনো যৌন অপরাধ করেন। নিগ্রহ মানে এমন পরিস্থিতিগুলিকেও বোঝায় যেখানে কোনো অভিভাবক বা আইনতঃ দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি অন্য কাউকে শিশুটির উপরে এরকম চোটআঘাত করতে দেন।

ভুল আচরণ (অবহেলাও অন্তর্ভুক্ত রয়েছে)

ভুল আচরণ মানে হল শিশুর অভিভাবক বা শিশুর আইনি দায়িত্বে থাকা অন্য কোনো ব্যক্তির ন্যূনতম পরিচর্যা দিতে না পারার ব্যর্থতার জন্য কোন শিশুর শারীরিক, মানসিক বা আবেগের পরিস্থিতি ত্রুটিপূর্ণ করা, বা তাকে আসন্ন ক্ষতি বা ত্রুটির সামনে ফেলা:

- ✶ পর্যাপ্ত খাবার, জামাকাপড়, আশ্রয়, শিক্ষা দিতে ব্যর্থ হওয়া;

  বা
- ✶ যথাযথ তত্ত্বাবধান, অভিভাবকত্ব বা চিকিত্সা পরিচর্যা *(যার মধ্যে ডেন্টাল, অপ্টোমেট্রিক বা অস্ত্রোপচারসহ সব চিকিত্সা সম্পর্কিত বিষয় দিতে ব্যর্থ হওয়া)*; বা
- ✶ শারীরিক শাস্তি, বাচ্চাকে ত্যাগ করা, বা অ্যালকোহল বা অন্যান্য ওষুধের অপব্যবহারের কারণে শিশুটিকে আশঙ্কাজনক বিপদে ফেলে দেওয়া হয়েছিল।

দারিদ্র্য বা উপরের জিনিসগুলি দিতে না পারার আর্থিক অক্ষমতা ভুল আচরণ নয়।

দ্রষ্টব্য: *স্টেট পরিচালিত বা লাইসেন্সপ্রাপ্ত আবাসিক কেন্দ্রগুলিতে শিশুদের জন্য নিগ্রহ এবং ভুল আচরণের সংজ্ঞা ভিন্ন।*

আমি কিভাবে নিগ্রহ এবং ভুল আচরণ চিনব?

নীচের তালিকাটিতে নিগ্রহ ও ভুল আচরণের কিছু সাধারণ সূচক দেখানো হয়েছে। এই তালিকাটিতে সবকিছু অন্তর্ভুক্ত নেই, এবং কিছু নিগৃহীত বা ভুল আচরণের শিকার হওয়া শিশুরা এই উপসর্গগুলির কোন একটিও দেখাতে না পারে।

শারীরিক নিগ্রহের সূচকের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- ✶ চোখ বা মাথা অথবা শরীরের দুই দিকে চোট আঘাত *(দুর্ঘটনাবশতঃ চোট লাগলে তা সচরাচর শরীরের একদিকে লাগে)*;
- ✶ যে কোনো ধরনের চোট বারংবার লাগা (*কালশিটে, কাটা এবং/বা পোড়া*), বিশেষ করে শিশুটি যদি তার পর্যাপ্ত কারণ বলতে না পারে। এগুলি হয়তো থামচে ধরা, মানুষের কামড়ের দাগ, সিগারেটের ছ্যাঁকা, বা অন্যান্য জিনিসের দাগের মতো আকারে স্পষ্ট হয়ে উঠতে পারে;
- ✶ ধ্বংসাত্মক, আগ্রাসী বা সংহতিনাশক আচরণ;
- ✶ নিষ্ক্রিয়, প্রত্যাহার করে নেওয়া বা আবেগহীন আচরণ;
- ✶ ঘরে বা বাবা মায়ের(দের) কাছে যাওয়ার ভয়।

যৌন নিগ্রহের সূচকগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- ✶ যৌন সংস্পর্শে ছড়ানো রোগের উপসর্গ;
- ✶ যৌনাঙ্গে চোট;
- ✶ হাঁটা বা বসার সময় কষ্ট হওয়া এবং/বা ব্যথা হওয়া; যৌন ইঙ্গিতপূর্ণ, অনুচিত, বা বাছবিচারহীন আচরণ অথবা নাম ধরে ডাকা;
- ✶ বয়স অনুচিত যৌন সম্পর্কের জ্ঞান প্রকাশ করা;
- ✶ অন্যান্য শিশুদের যৌন আক্রমণের শিকার হওয়া।

ভুল আচরণের সূচকগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- ✶ অপুষ্টি, ক্লান্তি বা অবসন্নভাব প্রতীয়মান;
- ✶ খাবার চুরি করা বা ভিক্ষা করা;
- ✶ নিজস্ব পরিচর্যার ঘাটতি থাকা—খারাপ স্বাস্থ্যবিধি, ছেঁড়া এবং/বা ভেজা কাপড়জামা;
- ✶ চশমা, ডেন্টাল কেয়ার, বা অন্যান্য চিকিত্সা সংক্রান্ত বিষয় চিকিত্সা না করিয়ে ফেলে রাখা;
- ✶ স্কুল থেকে বারংবার অনুপস্থিত হওয়া বা স্কুলে আসতে দেরী করা;
- ✶ শিশুর দেখভাল না করে বা তত্ত্বাবধান ছাড়া ফেলে রাখা।

Office of Children and Family Services

নিউ ইয়র্ক স্টেটের আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের জন্য সংক্ষিপ্ত নির্দেশিকা

আমি কোথায় কল করে প্রতিবেদন করব?

আপনি যখনই নিগ্রহ বা ভুল আচরণের সন্দেহ করবেন তখন যত শীঘ্র সম্ভব নিউ ইয়র্ক স্টেটওয়াইড কাউন্সিল রেজিস্টার অফ চাইল্ড অ্যাবিউজ অ্যান্ড ম্যালট্রিটমেন্টকে (SCR) ফোন করে আপনি উদ্বেগের কথা জানাবেন। SCR দিনের 24 ঘন্টাই, সপ্তাহে সাত দিন আপনার কল গ্রহণ করার জন্য খোলা থাকে। আপনি সময় মতো কল করলে তা স্থানীয় সমাজ সেবা বিভাগ ইউনিটের হস্তক্ষেপের (CPS) সময়নিষ্ঠতার পক্ষেও অপরিহার্য। SCR-কে ফোন করার পরে বা আগে আপনি অভিভাবক বা অন্যান্য ব্যক্তিদেরকে খবর দেওয়ার জন্য আইনতঃ ভাবে দায়বদ্ধ নয়। আদতে, কিছু ক্ষেত্রে অভিভাবককে সতর্ক করে দিলে তা স্থানীয় CPS-এর অনুসন্ধানে বাধা সৃষ্টি করতে পারে ও তা শিশুদের নিরাপত্তা মূল্যায়নের সামর্থ্যকেও নেতিবাচকভাবে প্রভাবিত করে। অভিভাবক, ফস্টার কেয়ার বা ডে কেয়ারের দ্বারা নিগ্রহ বা ভুল আচরণের কথা জানানোর জন্য টেলিফোন নম্বরগুলি হল:

আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী 1-800-635-1522
পাবলিক হটলাইন 1-800-342-3720
প্রাতিষ্ঠানিক কর্মীর দ্বারা নিগ্রহের জন্য: 1-855-373-2122

আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের তরফ থেকে SCR-এর কাছে মৌখিক প্রতিবেদন করা হলে তার 48 ঘন্টার মধ্যে যেন স্থানীয় সমাজ সেবা বিভাগের CPS ইউনিটের কাছে ফর্ম LDSS-2221A-তে লিখিত প্রতিবেদনও জমা পড়ে। আপনার স্থানীয় সমাজ সেবা বিভাগের সাথে যোগাযোগ করে বা, নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের (Office of Children and Family Services, OCFS) ওয়েবসাইটে **ocfs.ny.gov** গিয়ে এই ফর্মটির একটি নকল ও স্থানীয় চিঠি লেখার ঠিকানা পেতে পারেন। "ফর্মে" ক্লিক করুন, তারপরে "মূলশব্দ দিয়ে অনুসন্ধান করুন..." ক্লিক করুন, বাক্সে ফর্ম সংখ্যা দিন ও তারপর "অনুসন্ধান"-এ ক্লিক করুন। আপনার স্থানীয় সমাজ সেবা বিভাগের সাথে যোগাযোগ করতে, এখানে ক্লিক করুন: **http://ocfs.ny.gov/main/localdss.asp**

যখন আমি SCR-কে কল করব তখন কি ঘটবে?

কোনো কোনো সময় এমনও হতে পারে যে নিগ্রহ বা ভুল আচরণের সন্দেহ করার পক্ষে আপনার কাছে খুবই অল্প তথ্য আছে, কিন্তু সেটি যেন আপনাকে SCR-এর কাছে কল করা থেকে না আটকায়। SCR-এ থাকা কোন প্রশিক্ষিত বিশেষজ্ঞ নির্ণয় করতে সাহায্য করবেন যে আপনার দেওয়া তথ্যগুলি প্রতিবেদন হিসাবে নিবন্ধীকৃত করা যেতে পারে কিনা।

আপনার কাছে যে শনাক্তকারী বা জনতাত্ত্বিক তথ্যগুলি রয়েছে সেগুলি গুছিয়ে নেওয়ার জন্য LDSS-2221A আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী ফর্মটি ব্যবহার করা যেতে পারে। আপনি যে প্রতিবেদনটি করেছেন সেটিতে "কল আই.ডি" আরোপ করার জন্য মনে করে SCR বিশেষজ্ঞকে জিজ্ঞাসা করুন।

যদি SCR কর্মী শিশু নিগ্রহ বা ভুল আচরণের প্রতিবেদনটি দায়ের না করেন, তাহলে তাঁদের সেই সিদ্ধান্তের কারণটি স্পষ্টভাবে আপনাকে বুঝিয়ে বলা উচিত। আপনি একজন সুপারভাইজারের সাথেও কথা বলার জন্য অুরোধও করতে পারেন, যিনি কঠিন বা অস্বাভাবিক ঘটনায় সিদ্ধান্ত নির্ণয়ে সাহায্য করতে পারেন।

স্থানীয় CPS-এর ভূমিকা ও দায়িত্ব

SCR-এর কাছে প্রতিবেদন দাখিল করা হলে, সমাজ সেবার স্থানীয় বিভাগটিকে অবিলম্বে অনুসন্ধান ও অনুধাবন করার জন্য খবর দেওয়া হবে। একজন স্থানীয় CPS কর্মী 24 ঘন্টার মধ্যে অনুসন্ধান শুরু করবেন। CPS হস্তক্ষেপের মধ্যে শিশুটির এবং সেই একই বাড়িতে থাকা অন্যান্য শিশুর মূল্যায়ন এবং শিশু ও পরিবারটির চাহিদা পূরণ করতে একটি পরিকল্পনার বিকাশ অন্তর্ভুক্ত থাকে। যদি শিশুটির জীবন বা স্বাস্থ্যের ঝুঁকি আসন্ন হয়, তাহলে CPS হয়তো শিশুটিকে ঘর থেকে সরিয়ে নিয়ে যেতে পারে। অনুরোধ করা হলে, CPS আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের কাছ থেকে নিগৃহীত বা ভুল আচরণের শিকার হওয়া শিশুর পূর্ণ তদন্ত করার জন্য জরুরী তথ্য চাইতে পারেন যেগুলি সেই প্রতিবেদনকারী প্রতিবেদিত করেছেন। আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীকে আবশ্যিকভাবে নির্ণয় করতে হবে যে কোন রেকর্ডগুলি পূর্ণ তদন্তের জন্য জরুরী এবং সেই নথিগুলি CPS চাইলে দিতে হবে। তদন্ত শুরুর 60 দিনের মধ্যে, CPS নির্ণয় করবে যে প্রতিবেদনটির সত্যিই উল্লেখ করা হয়েছে বা কোন ভিত্তি আছে। আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীরা প্রতিবেদনটির পরিণাম জানতে চাইতে পারেন।

ল এনফোর্সমেন্ট রেফারাল (আইন বলবত্করণ সুপারিশ)

যদি SCR-এর কাছে কল করে জানানো হয় যে কোনো শিশুর বিপদ আসন্ন বা কোনো শিশুর বিরুদ্ধে অপরাধ ঘটছে, কিন্তু অপরাধকারী অভিভাবক অথবা শিশুর জন্য আইনতঃ দায়িত্বে থাকা অন্যান্য ব্যক্তির মধ্যে কেউ নন, তাহলে SCR কর্মীরা একটি ল এনফোর্সমেন্ট রেফারাল (Law Enforcement Referral, LER) করবে। প্রাসঙ্গিক তথ্যগুলি লিপিবদ্ধ করা হবে এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশ ইনফর্মেশন নেটওয়ার্ক বা নিউ ইয়র্ক স্পেশাল ভিক্টিমস লিয়াঁজ ইউনিটের কাছে পাঠানো হবে। এটি কোনো CPS প্রতিবেদন নয়, এএবং স্থানীয় CPS-কে নিযুক্ত করা হবে না।

NEW YORK STATE | Office of Children and Family Services

নিউ ইয়র্ক স্টেটের আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের জন্য সংক্ষিপ্ত নির্দেশিকা

আমার কাছে কি সুরক্ষা বা দায়বদ্ধতা আছে?

সূত্রের গোপনীয়তা

সমাজ সেবা আইনটি আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী এবং শিশু নিগ্রহ ও ভুল আচরণের প্রতিবেদনের সকল সূত্রগুলির জন্য গোপনীয়তা প্রদান করে। OCFS এবং স্থানীয় CPS প্রতিবেদনের বিষয় থেকে এমন কোন তথ্য প্রকাশ করতে পারেন না যা থেকে প্রতিবেদনের সূত্রকে শনাক্ত করা যায়, যদি না সূত্রটির তরফ থেকে প্রকাশ করার লিখিত অনুমতি দেওয়া হয়ে থাকে। প্রতিবেদনটির সূত্র সংক্রান্ত তথ্য আদালতের আধিকারিক, পুলিশ এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের জানানো যেতে পারে, কিন্তু নির্দিষ্ট কিছু পরিস্থিতিতেই।

দায়বদ্ধতা থেকে রেহাই পাওয়া

যদি রোনো আদেশপ্রাপ্ত প্রতিবেদন কোনো শিশুর একান্তই কল্যাণ কামনা করে কোন প্রতিবেদন করে থাকেব, তাহলে তিনি তার ফলস্বরূপ আসা রোনো অপরাধমূলক বা নাগরিক দায়বদ্ধতা থেকে রেহাই পেতে পারেন। এটিকে "সৎ বিশ্বাসে" প্রতিবেদন করা বলে।

প্রতিহিংসা চরিতার্থ করার কাজ থেকে সুরক্ষা পাওয়া

সমাজ সেবা আইনের বিভাগ 413-তে নির্দিষ্ট করা আছে যে কোনো চিকিত্সা বা অন্যান্য সরকারী অথবা বেসরকারী প্রতিষ্ঠান, স্কুল, কেন্দ্র, বা এজেন্সি SCR-এর কাছে প্রতিবেদন করা কর্মচারীর বিরুদ্ধে প্রতিহিংসা চরিতার্থ করার মতো পদক্ষেপ নেবেন না। অধিকন্তু, কোনো স্কুল, কোনো স্কুলের আধিকারিক, শিশু পরিচর্যা প্রদানকারী, ফস্টার কেয়ার প্রদানকারী, বা মানসিক স্বাস্থ্য কেন্দ্র প্রদানকারীরা শিশু নিগ্রহ বা ভুল আচরণ সন্দেহে প্রতিবেদন করার আদেশপ্রাপ্ত তাঁদের কর্মীসদস্যের উপর, আগাম অনুমোদন অথবা আগাম বিজ্ঞপ্তি জারীর মতো কোন শর্ত আরোপ করবেন না।

প্রতিবেদন করতে ব্যর্থ হওয়ার শাস্তি

সন্দেহভাজন শিশু নিগ্রহ বা ভুল আচরণের কথা জানাতে বাধ্য যে কোনো ব্যক্তি-সেটি করতে ব্যর্থ হলে, তাঁর বিরুদ্ধে ক্লাস A-র অপকর্মের অভিযোগ আনা হবে এবং তিনি অপরাধমূলক শাস্তি পেতে পারেন। এছাড়াও, আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীরা SCR-এর কাছে প্রতিবেদন করতে ব্যর্থ হলে তাঁদেরকে নাগরিক আদালতে অভিযুক্ত করে তাঁদের ব্যর্থতার জন্য হওয়া ক্ষতির অর্থ পরিশোধ করতে বলা হতে পারে।

আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের জন্য কারা প্রশিক্ষণ দেন?

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (State Education Department, SED) অফিস অফ প্রফেসনস আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয়তাগুলির তত্ত্বাবধান করে। শিক্ষক, বহু চিকিত্সা পেশাদার, এবং সমাজকর্মী সহ-কিছু শ্রেণীর লাইসেন্স পাওয়ার আবশ্যিকতার অঙ্গ হিসাবে এই প্রশিক্ষণটি নিতে হয়। প্রশিক্ষণটি তাঁদের আনুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীতে অন্তর্ভুক্ত থাকতে পারে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (OCFS) SED কর্তৃক অনুমোদিত আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী প্রশিক্ষণ দেওয়ার শংসাপত্র রাখে, এবং চিকিত্সক, শিক্ষক, আইন বলবত্কারী কর্মী, ডে কেয়ার প্রদানকারী ও মানব পরিষেবা কর্মীদের মতো করে সংশোধন করা বিষয়বস্তু নিয়ে একটি সর্বাঙ্গীণ পাঠ্যক্রম তৈরী করেছে।

OCFS অন্যান্য আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী প্রশিক্ষণ প্রদানকারীদের সাথে স্টেট জুড়ে কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিকেওএই সুগৃহীত পাঠ্যক্রমটি জানিয়েছে যারা আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী বিধিভুক্ত ক্ষেত্রগুলিতে শিক্ষামূলক প্রোগ্রাম দেয়।

OCFS CUNY স্কুল অফ প্রফেসনাল স্টাডিজের সাথে চুক্তি করে আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী প্রশিক্ষণ শেখায়।

OCFS আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের জন্য একটি স্ব-নির্দেশিত অনলাইন প্রশিক্ষণ দেয়। এই দুই ঘন্টার ওয়েবনির্ভর অনলাইন প্রশিক্ষণের কোর্সটি 24/7-ই পাওয়া যাবে এবং এই লিঙ্কে করা যাবে:

www.nysmandatedreporter.org।

অংশগ্রহণকারীর কোনো খরচা লাগবে না।

বিশেষ দ্রষ্টব্য: *যেসব আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদেরকে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এডুকেশনের (New York State Department of Education, NYSED) মাধ্যমে লাইসেন্স বা শংসাপত্র নিতে হয়, তাঁদেরকে এমন কোন প্রশিক্ষণকারীর কাছ থেকেই আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী প্রশিক্ষণ নিতে হবে যাঁকে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কর্তৃক অনুমোদন করা হয়েছে। আরও তথ্যের জন্য এখানে যান* ***http://www.op.nysed.gov*** *অথবা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের সাথে এখানে যোগাযোগ করুন:*

OPPLEUCA@mail.NYSSED.gov।

উপসংহার

শিশুদের রক্ষা করা এবং শিশু নিগ্রহ ও ভুল আচরণ রোধ করা কিন্তু প্রতিবেদন করা দিয়ে শুরু এবং প্রতিবেদন করা দিয়েই শেষ হয় না। শিশু নিগ্রহ ও ভুল আচরণ রোধ করার প্রচেষ্টাগুলি তখনই কার্যকর হতে পারে যখন আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারী এবং অন্যান্য সংশ্লিষ্ট নাগরিকরা তাঁদের সমাজে সুরক্ষা বলয় বাড়ানোর জন্য একসাথে কাজ করেন।

সবথেকে কার্যকরভাবে কাজ করার জন্য, আপনার স্থানীয় CPS-কে আপনার সমাজের মধ্যে মজবুত সহযোগিতা গড়ে তুলতে হবে। আপনার স্থানীয় CPS ইউনিটে থাকা কর্মীদের সাথে আলাপ পরিচয়ের মাধ্যমে, আপনি আরও ভালো করে বুঝতে পারবেন যে আপনার স্থানীয় প্রোগ্রামটি কিভাবে গঠন করা হয়েছে এবং CPS-ও আরও ভালো করে বুঝবে যে আপনার সাথে কিভাবে কার্যকরভাবে কাজ করা যায়।

একসাথে কাজ করে, আমরা ঝুঁকিগ্রস্ত শিশুদের আরও ভালোভাবে সুরক্ষা দিতে পারি।

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস

Capital View Office Park, 52 Washington Street

Rensselaer, New York 12144

শিশু নিগ্রহ এবং ভুল আচরণের কথা জানাতে এখানে কল করুন:
1-800-342-3720

পরিত্যক্ত শিশু সুরক্ষা আইনে আরও তথ্য পাওয়ার জন্য কল করুন এই নম্বরে:
1-866-505-SAFE (7233)

শিশু নিগ্রহ এবং ভুল আচরণের ঘটনা জানানোর জন্য আদেশপ্রাপ্ত প্রতিবেদনকারীদের হটলাইন হল:
1-800-635-1522

জাস্টিস সেন্টার ফর ইনস্টিটিউশনাল অ্যাবিউজ:
1-855-373-2122

এই পুস্তিকার অতিরিক্ত প্রতিলিপির জন্য আমাদের ওয়েবসাইটে দেখুন: ocfs.ny.gov এবং "প্রকাশনা"-য় ক্লিক করুন।

facebook **https://facebook.com/nysocfs**

https://mobile.twitter.com/nysocfs

https://mobile.twitter.com/nysocfs_espanol

Pub. 1159-BN (Rev. 01/2019)